গ্রাহক শিক্ষণের পুস্তিকা

- **''সেভিংস অ্যাকাউন্ট''** হল সুনির্দিষ্টভাবে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা অনুমোদিত, একক বা স্বতন্ত্র সংস্থার উপযুক্ত ব্যক্তিদের সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য ক্রিয়াশীল ব্যাংকিং অ্যাকাউন্ট। কিছু কিছু অলাভজনক কল্যাণমূলক সংস্থাকে ব্যাংকের সঙ্গে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়ে থাকে। আরবিআই দ্বারা নির্দেশিত হারে সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে জমা রাশির উপর সুদ প্রদান করা হয়ে থাকে। অন্যদের মধ্যে, স্বতন্ত্র সংস্থাগুলি যারা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারে তাদের অন্তর্ভুক্ত হল রেসিডেন্ট এবং নন-রেসিডেন্ট একক ভারতীয়রা, ট্রাস্ট, সোসাইটি, কোম্পানিজ অ্যাক্টের 25 ধারা অনুযায়ী নথিভুক্ত সংস্থা। কিছু সরকারী সংস্থা রিজার্ভ ব্যাংকের সময়ে সময়ে নির্দেশিত বিভিন্ন শর্ত পালনে সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারে।

- **''কারেন্ট অ্যাকাউন্ট''**-এর সমস্ত স্বতন্ত্র সংস্থার জন্য এক ক্রিয়াশীল ব্যাংকিং অ্যাকাউন্ট যা ব্যাংক অ্যাকাউন্ট খুলতে এবং পরিচালনা করার যোগ্য। রিজার্ভ ব্যাংকের নির্দেশে কারেন্ট অ্যাকাউন্টে জমাকৃত রাশির উপরে কোনও সুদ দেওয়া হয় না।

- **''ফিক্সড ডিপোজিট''** এর অর্থ হল একটি আমানত রাশি যা ব্যাংকে এক নির্দিষ্ট সময়কালের জন্য রাখা হয়ে থাকে। ব্যাংকে আমানত গচ্ছিত রাখার সময়কালে এক নির্দিষ্টকৃত হারে সুদ প্রদান করা হয়। ফিক্সড ডিপোজিটের অর্ন্তগত আমানতগুলি হল ত্রৈমাসিক প্রদেয় আমানত, মাসিক প্রদেয় আমানত এবং ক্রমবর্ধমান আমানত। সমস্ত স্বতন্ত্র সংস্থাই ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট খোলার যোগ্য, যদি না তা সুনির্দিষ্টভাবে আইন বা সাংবিধানিক নিয়ামক নির্দেশিকার দ্বারা নিষিদ্ধ হয়ে থাকে।

- **''রেকারিং ডিপোজিট''** হল এক প্রকারের আমানত যা নিয়মিত আয়সম্পন্ন ব্যক্তিদের প্রতি মাসে এক নির্দিষ্ট অর্থ তাদের রেকারিং ডিপোজিট অ্যাকাউন্টে জমা রাখতে এবং ফিক্সড ডিপোজিটের উপর প্রযোজ্য হারে সুদ অর্জন করতে সাহায্য করে। এটি কোনও এক নির্দিষ্ট পরিমাণ অর্থের মাসিক কিস্তিতে জমানো ফিক্সড ডিপোজিটের মতোই হয় যেমন প্রতি মাসে 1000 টাকা জমানো। প্রতি মাসে প্রদত্ত এই জমা রাশির সমস্ত কিস্তির অর্থ ভবিষ্যতের এক নির্দিষ্ট দিনে মেয়াদপ্রাপ্ত হয়। এইভাবে, রেকারিং ডিপোজিট প্রকল্প নির্দিষ্ট সময়কালে গ্রাহকদের নির্দিষ্ট পরিমাণের অর্থ নিয়মিত মাসিক জমারাশির সাহায্যে তাদের সেভিংস জমানোর এক সুযোগ দিয়ে থাকে।

- আর্থিক অন্তর্ভুক্তির প্রচেষ্টার এক অঙ্গ হিসাবে আমাদের ব্যাংক আমাদের সমস্ত শাখায় আরবিআইর ''আর্থিক অন্তর্ভুক্তি - ব্যাংকিং সার্ভিসে অ্যাকসেস''-এর সুস্পষ্ট নির্দেশিকা অনুযায়ী ''বেসিক সেভিংস ব্যাংক ডিপোজিট অ্যাকাউন্ট (বিএসবিডিএ)'' এবং ''স্মল অ্যাকাউন্ট'' খোলার সুযোগ দিচ্ছে। এছাড়াও, প্রবিধান অনুযায়ী, বিএসবিডিএ এবং স্মল অ্যাকাউন্টের মূল বৈশিষ্ট্যগুলি নীচে বিশেষভাবে উল্লেখ করা হলঃ

মাপকাঠি	বিএসবিডিএ	স্মল অ্যাকাউন্ট
কেওয়াইসি-র প্রয়োজনীয়তা	• সম্পূর্ণ কেওয়াইসি	• নমনীয় কেওয়াইসি
বৈশিষ্ট্য	• নূন্যতম জমা রাশির প্রয়োজন নেই • নগদ জমা - বেসিক সেভিং অ্যাকাউন্টের জন্য এক মাসে অনুমোদিত ডিপোজিটের সংখ্যা এবং মূল্যের কোনো সীমা নেই। • রুপে ডেবিট কার্ড বার্ষিক ফি - শূন্য • এক মাসে শাখা থেকে বিনা খরচে 5 বার টাকা তোলা • বিনামূল্যে 5টি লেনদেন @ কোটাক এবং নন-কোটাক এটিএম-এ মাসে • বিনামূল্যে - একটি আর্থিক বছরে 5টি পৃষ্ঠার একটি চেক বই • বিনা খরচে ফোন ব্যাংকিং • ফান্ড ট্রান্সফার (নেটব্যাঙ্কিং / মোবাইল ব্যাঙ্কিং-এর মাধ্যমে) - বিনামূল্যে	• ন্যূনতম জমা রাশির প্রয়োজন নেই • নগদ জমা অবাধে যত বার লেনদেন করা এই শর্তে যে এক আর্থিক বছরে এটি 1 লক্ষ টাকার মধ্যে সীমিত থাকবে • রুপে ডেবিট কার্ড বার্ষিক ফি - শূন্য • এক মাসে শাখা থেকে বিনা খরচে 4 বার টাকা তোলা • বিনামূল্যে 5টি লেনদেন @ কোটাক এবং নন-কোটাক এটিএম-এ মাসে • বিনামূল্যে - একটি আর্থিক বছরে 5টি পৃষ্ঠার একটি চক বই • ফোন ব্যাঙ্কিং উপলব্ধ নয় • মোবাইল ব্যাঙ্কিং উপলব্ধ নয়

বিধিনিষেধ / সীমাবদ্ধতা	• বিএসবিডিএ গ্রাহকরা কেবলমাত্র রুপে ডেবিট কার্ডের জন্য উপযুক্ত। • সমস্ত লেনদেন অনুমোদিত যা অন্যান্য সেভিংস অ্যাকাউন্টে হয়ে থাকে • বিএসবিডিএ গ্রাহকরা একই সময়ে ব্যাংকে কোন অতিরিক্ত আলাদা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবেন না। তবে সাধারণ সেভিংস অ্যাকাউন্টকে উন্নত করতে পারবেন। • যদি বর্তমান সেভিংস অ্যাকাউন্ট গ্রাহক একটি বিএসবিডিএ খোলেন, তাহলে বর্তমান সেভিংস অ্যাকাউন্টটি বিএসবিডিএ খোলার 30 দিনের মধ্যে বন্ধ করে দিতে হবে।	• স্মল অ্যাকাউন্ট গ্রাহকরা কেবলমাত্র রুপে ডেবিট কার্ডের জন্য উপযুক্ত। • কোনও আর্থিক বছরে সমস্ত জমার পরিমাণ 100,000 টাকা অতিক্রম করবে না • অ্যাকাউন্টে জমা টাকার পরিমাণ 50,000 টাকার বেশি হবে না। • এক মাসের সমস্ত দেনার পরিমাণ 10,000 টাকার বেশি হবে না। • ₹10,000-এর অধিক রাশির জারি করা চেক প্রত্যাখান করা হবে এবং ফেরত দেওয়া হবে। • বিদেশি মুদ্রা লেনদেনের অনুমতি নেই। • স্মল অ্যাকাউন্ট গ্রাহকরা একই সময়ে ব্যাংকে অতিরিক্ত আলাদা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবেন না। তবে, কেওয়াইসি নিয়মকানুন পূরণ করে বিএসবিডিএ বা অন্যান্য বিভিন্ন সেভিংস অ্যাকাউন্টকে উন্নত করতে পারেন। • যদি বর্তমান সেভিংস অ্যাকাউন্ট গ্রাহকরা স্মল অ্যাকাউন্ট খোলেন, তাহলে স্মল অ্যাকাউন্ট খোলার 30 দিনের মধ্যে বর্তমান সেভিংস অ্যাকাউন্টটি বন্ধ করে দিতে হবে।

- ব্যাংক আইনি অভিভাবকত্বের শংসাপত্র অনুসারে মানসিক রোগী, সেরিব্রাল পালসি, মানসিক প্রতিবন্ধী এবং বহুবিধ অসমর্থ রোগীদের অ্যাকাউন্ট খুলতে পারে। এই শংসাপত্র মেন্টাল হেলথ অ্যাক্ট, 1987 অনুযায়ী জেলা কোর্ট বা ন্যাশনাল ট্রাস্ট ফর দি পার্সনস উইথ অটিজম, সেরিব্রাল পালসি, মেন্টাল রিটারডেশন এণ্ড মাল্টিপল ডিজএবিলিটিজ অ্যাক্ট, 1999 অনুযায়ী স্থাপিত স্থানীয় স্তরের কমিটির দ্বারা ইস্যু করা হয়ে থাকে। আইনি অভিভাবকরা এই অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় শংসাপত্রের জন্য স্থানীয় স্তরের কমিটির কাছে আবেদন জানাতে পারেন। স্থানীয় স্তরের কমিটির ঠিকানা ন্যাশনাল ট্রাস্টের ওয়েবসাইট (http://www.thenationaltrust.in) অথবা আপনার নিকটতম শাখা থেকে পেতে পারেন। এ ছাড়া এই ধরনের ব্যক্তিদের অ্যাকাউন্ট খোলা যাবে কোন আইনী গার্জিয়ানশিপ সার্টিফিকেট ছাড়াই, কিন্তু সেক্ষেত্রে এটি শর্তসাপেক্ষ - গ্রাহকের কাছ থেকে একটি নিশ্চয়তা, যে তিনি নিজেই নিজের অর্থের সব ব্যবস্থা করতে পারেন।
- উপরের সমস্ত অ্যাকাউন্টগুলির বিশদ তথ্য আমাদের সমস্ত শাখায় লভ্য এবং আমাদের ওয়েবসাইটেও দেওয়া আছে।
- ব্যাংক কোনও ডিপোজিট অ্যাকাউন্ট খোলার আগে উপযুক্ত সতর্কতার সঙ্গে রিজার্ভ ব্যাংক দ্বারা ইস্যু করা ''নো ইয়োর কাস্টমার'' (কেওয়াইসি)-এর প্রযোজ্য নির্দেশিকা অনুযায়ী বা ব্যাংক দ্বারা এরকম অন্যান্য নিয়ম বা পদ্ধতি অনুসারে কাজ করবে।
- অ্যাকাউন্ট খোলার ফর্ম ব্যাংক দ্বারা সম্ভাব্য আমানতকারীকে দেওয়া হবে। সম্ভাব্য আমানতকারী কোন ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে ব্যাংকের কাছে আবেদন করলে ব্যাংক কর্তৃপক্ষ পদ্ধতিগত নিয়মগুলো ব্যাখ্যা করবেন এবং আবেদকের প্রশ্নের প্রয়োজনীয় ব্যাখ্যা দেবেন। সম্ভাব্য আমানতকারী অ্যাকাউন্ট খোলার ফর্ম সম্পূর্ণভাবে এবং সঠিকভাবে পূরণ করবেন।
- জমা / প্রকল্পগুলির জন্য যেমন সেভিংস অ্যাকাউন্ট এবং কারেন্ট অ্যাকাউন্ট, ওই ধরনের অ্যাকাউন্টের উপর নির্ভর করে, ওই ধরনের অ্যাকাউন্ট চালু করার শর্তাবলী মাফিক অ্যাকাউন্টে এক নির্দিষ্ট গড়পড়তা ত্রৈমাসিক জমা (একিউবি) / গড়পড়তা মাসিক জমা (এএমবি) বজায় রাখতে হবে। অ্যাকাউন্টে এই উল্লেখিত একিউবি / এএমবি অর্থের পরিমাণ গচ্ছিত রাখতে ব্যর্থ হলে, সেই অ্যাকাউন্টে না-বজায় রাখতে পারার মাশুল (নন্-মেন্টেন্স চার্জ-এনএমসি) দিতে হবে।
- মাশুলসূচী ওয়েবসাইটে (www.kotak.bank.in) প্রদর্শন করা হবে এবং শাখা অফিসে পাওয়া যাবে।
- সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট উপযুক্ত ব্যক্তি(রা) এবং কিছু প্রতিষ্ঠান / সংস্থা দ্বারা (আরবিআই-র সময়ে সময়ে শর্তাবলী পালন সাপেক্ষে) খোলা যেতে পারে।

- কারেন্ট অ্যাকাউন্ট একক / অংশীদারী সংস্থা / বেসরকারী এবং সরকার লিমিটেড সংস্থা / হিন্দু অবিভক্ত পরিবার (এইচইউএফ) / নির্দিষ্ট সংস্থা / সোসাইটি / ট্রাস্ট, ইত্যাদি দ্বারা খোলা যেতে পারে।
- ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট একক / অংশীদারী সংস্থা / বেসরকারি এবং সরকার লিমিটেড সংস্থা / হিন্দু অবিভক্ত পরিবার (এইচইউএফ) / নির্দিষ্ট সংস্থা / সোসাইটি / ট্রাস্ট ইত্যাদির দ্বারা খোলা যেতে পারে।
- কোন অ্যাকাউন্ট খোলার সময় ব্যক্তির পরিচয়, ঠিকানা যাচাই, তাঁর পেশার বিষয়ে সন্তুষ্টি / কর্মপদ্ধতি, আয়ের উৎস প্রভৃতি যথোচিতভাবে যাচাই করতে হবে। ব্যাংক সম্ভাব্য আমানতকারীর কাছে থেকে ব্যাংকে কাছে গ্রহণযোগ্য কোনও ব্যক্তির পরিচয়ের প্রমাণও চাইতে পারে। যথোচিত যাচাই পদ্ধতির অঙ্গ হিসাবে ব্যাংকের যে ব্যক্তি(রা) অ্যাকাউন্ট খুলেছেন / চালু রেখেছেন, তাঁর / তাঁদের এক সাম্প্রতিক ফটোর প্রয়োজন হবে।
- এই অতিরিক্ত যাচাই পদ্ধতির প্রয়োজন ছাড়াও, কেওয়াইসির নিয়মানুযায়ী, আয়কর আইন / নিয়ম অনুসারে ব্যাংকের স্থায়ী অ্যাকাউন্ট নম্বর (প্যান) অথবা 60 নম্বর ফর্মে ঘোষনাপত্র নেবার প্রয়োজন হবে।
- আরবিআই নির্দেশিত বর্তমান গ্রাহকদের প্রোফাইল পর্যালোচনা করার সময় ব্যাংক নতুন অথবা অতিরিক্ত কেওয়াইসি দলিল / নথি সময়কালীন বিরতিতে চাইবে।

একক পরিচালিত অ্যাকাউন্ট

এই ডিপোজিট অ্যাকাউন্টগুলো একক ব্যক্তির দ্বারা, খোলা এবং পরিচালনা করা যায় যার বয়স 18 বছরের ওপরে।

জয়েন্ট অ্যাকাউন্ট

ডিপোজিট অ্যাকাউন্ট নিজ নামে দুই বা তার বেশি একক ব্যক্তির দ্বারা যাদের বয়স 18 বছরের ওপরে, খোলা হলে তাকে জয়েন্ট অ্যাকাউন্ট বলে।

জয়েন্ট অ্যাকাউন্ট পরিচালনা

জয়েন্ট অ্যাকাউন্ট একের বেশি ব্যক্তি দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে পরিচালনা করা যায়।

আইদার অর সার্ভাইভার

এই পদ্ধতি ওই অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য যা দুজন স্বতন্ত্র ব্যক্তির দ্বারা খোলা হয়েছে। এই পদ্ধতিতে, দুজন অ্যাকাউন্ট গ্রাহকের মধ্যে যেকোন একজন বা জীবিত ব্যক্তি (দুজনের একজন অ্যাকাউন্ট গ্রাহকের মৃত্যু হলে বা উন্মাদগ্রস্ত হলে) অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

এনিওয়ান অর সার্ভাইভার

এই পদ্ধতি দুয়ের বেশি স্বতন্ত্র ব্যক্তির দ্বারা পরিচালিত অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য। এই পদ্ধতিতে, অ্যাকাউন্ট গ্রাহকদের যেকোন একজন বা জীবিত ব্যক্তি(রা)-এর (যেকোন একজন অ্যাকাউন্ট গ্রাহকের মৃত্যু হলে বা উন্মাদগ্রস্ত হলে)অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

জয়েন্টলি

এই পদ্ধতিতে শুধুমাত্র সমস্ত অ্যাকাউন্ট গ্রাহক যৌথভাবে স্বাক্ষর করে অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

অ্যাকাউন্ট পরিচালনা করার এই নির্দেশনামা সকল অ্যাকাউন্ট গ্রাহকের সম্মতিক্রমে সংশোধিত হতে পারবে।

অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির সঙ্গে যৌথভাবে স্বাভাবিক অভিভাবকগণের দ্বারা সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট পরিচালনার ক্ষেত্রে শুধুমাত্র স্বাভাবিক অভিভাবকরা তা পরিচালনা করতে পারবেন।

ওপরের অ্যাকাউন্টগুলিতে জমাকৃত অর্থের নিষ্পত্তির জন্য জয়েন্ট অ্যাকাউন্টের গ্রাহকগণ নীচের যে কোনও নির্দেশনামা দিতে পারেনঃ

- আইদার অর সার্ভাইভারঃ যদি অ্যাকাউন্টটি দুই ব্যক্তির দ্বারা খোলা হয়ে থাকে, ধরা যাক, এ এবং বি, সর্বশেষ জমা অর্থ সুদ সমেত, যদি প্রযোজ্য হয়ে থাকে, অ্যাকাউন্ট গ্রাহকদের মধ্যে যে কোনও একজনের মৃত্যু হলে, জীবিত ব্যক্তিকে প্রদান করা হবে।
- এনিওয়ান অর সার্ভাইভার: যদি যদি অ্যাকাউন্টটি দুই ব্যক্তির বেশির দ্বারা খোলা হয়ে থাকে, ধরা যাক, এ, বি এবং সি, সর্বশেষ অর্থ সুদ সমেত, যদি প্রযোজ্য হয়ে থাকে, দুজন অ্যাকাউন্ট গ্রাহকের মধ্যে যে কোনও একজনের মৃত্যু হলে, জীবিত ব্যক্তিকে প্রদান করা হবে।
- ফর্মার / সার্ভাইভারঃ প্রথমে থাকা নামের অ্যাকাউন্ট গ্রাহক এককভাবে অ্যাকাউন্টটি পরিচালনা করতে পারেন এবং অর্থের ওপর তার পূর্ণ অধিকার থাকবে। শুধুমাত্র প্রথম জনের মৃত্যুর পরে জীবিত ব্যক্তি সেই অধিকার পাবেন।
- লেটার / সার্ভাইভারঃ শেষে থাকা নামের অ্যাকাউন্ট গ্রাহক এককভাবে অ্যাকাউন্ট পরিচালনা করতে পারেন এবং অর্থের ওপর তাঁর পূর্ণ অধিকার থাকবে। শুধুমাত্র প্রথম জনের মৃত্যুর পরে জীবিত ব্যক্তি সেই অধিকার পাবেন।

জয়েন্ট অ্যাকাউন্টগ্রাহকদের নাম যোগ করা বা মুছে দেওয়া

ব্যাংক, সমস্ত জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের অনুরোধে, নাম সংযোগ করতে বা মুছে দেবার অনুমতি দিতে পারে যদি পরিস্থিতি তা দাবি করে অথবা কোনও একক আমানতকারীকে অন্য কোনও ব্যক্তির নাম একজন জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহক হিসাবে অন্তর্ভুক্ত করার অনুমতি দিতে পারে।

মাইনর অ্যাকাউন্ট

কোনও অপ্রাপ্তবয়স্কর নামে কোন অ্যাকাউন্ট স্বাভাবিক অভিভাবকের দ্বারা খোলা এবং পরিচালনা করা যেতে পারে। প্রাপ্তবয়স্ক হয়ে গেলে, প্রাক্তন অপ্রাপ্তবয়স্ক তাঁর নিজের অ্যাকাউন্টের জমাকৃত অর্থের পরিমাণ নিশ্চিত করে জানাবেন এবং যদি ওই অ্যাকাউন্টটি স্বাভাবিক অভিভাবক / অভিভাবিকা দ্বারা পরিচালিত হয়ে থাকে, নতুন করে প্রাক্তন অপ্রাপ্তবয়স্কের নমুনা চিহ্নিত স্বাক্ষর স্বাভাবিক অভিভাবক / অভিভাবিকা দ্বারা যথোপযুক্তভাবে যাচাইকৃত, এবং অপ্রাপ্তবয়স্ক যিনি প্রাপ্তবয়স্ক আবেদনকারীতে পরিণত হয়েছেন তাঁর প্রযোজ্য কেওয়াইসি দলিল / নথি সহ, সমস্ত পরিচালনার উদ্দেশ্যে প্রাপ্ত হতে হবে।

নিরক্ষর / অন্ধ ব্যক্তিদের অ্যাকাউন্ট

ব্যাংক, সম্পূর্ণ নিজস্ব বিবেচনা অনুসারে, নিরক্ষর / অন্ধ ব্যক্তিদের জন্য কারেন্ট অ্যাকাউন্ট ব্যতীত অন্যান্য ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে দিতে পারে। এই ধরনের ব্যক্তিদের অ্যাকাউন্ট খোলা হতে পারে এই শর্তে যে সেই ব্যক্তি ব্যক্তিগতভাবে একজন সাক্ষীসহ যিনি আমানতকারী এবং ব্যাংক উভয়ের কাছে পরিচিত, ব্যাংকের কাছে উপস্থিত হতে পারেন। সাধারণত, কোনও চেকবই-এর সুবিধা এই সমস্ত সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে দেওয়া হয় না। অর্থ তোলার সময় বা আমানত অর্থ পরিশোধের সময় এবং / বা সুদের জন্য, এই অ্যাকাউন্ট গ্রাহককে অনুমোদিত অফিসারের উপস্থিতিতে যিনি ওই ব্যক্তির পরিচয় যাচাই করবেন, তাঁর বুড়ো আঙুলের ছাপ বা চিহ্ন যুক্ত করতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ নরক্ষর / অন্ধ ব্যক্তিদের জন্য অ্যাকাউন্ট খোলার নির্ধারিত নিয়মাবলি ব্যাখ্যা করবেন।

পাওয়ার অব অ্যাটর্নি

আমানতকারীর অনুরোধে ব্যাংক নির্দেশনামা / পাওয়ার অব অ্যাটর্নি নথিভুক্ত করতে পারে যা কোনও অনুমোদিত ব্যক্তিকে তাঁর হয়ে অ্যাকাউন্টটি খোলার অনুমতি দেয়।

মনোনয়ন সুবিধা

সমস্ত ডিপোজিট অ্যাকাউন্টে একক ব্যক্তি দ্বারা চালু অ্যাকাউন্টে মনোনয়নের সুবিধা লভ্য। একক মালিকানাধীন সংস্থার অ্যাকাউন্টেও এই মনোনয়নের সুবিধা লভ্য। মনোনয়ন শুধুমাত্র এক ব্যক্তির নামে হতে পারে। এই প্রকারের মনোনয়ন অ্যাকাউন্ট গ্রাহক দ্বারা যে কোনও সময় বাতিল বা পরিবর্তন করা যেতে পারে। মনোনয়ন দেওয়া, বাতিল করা বা পরিবর্তনের সময়, এটিতে এক তৃতীয় পক্ষের সাক্ষ্যের প্রয়োজন হবে। মনোনয়ন অ্যাকাউন্ট গ্রাহকের সম্মতিতেই সংশোধিত হতে পারে। মনোনয়ন অপ্রাপ্তবয়স্কদের জন্য করা যেতে পারে। আমানতকারীর মৃত্যুতে জমা অর্থের সহজতর নিষ্পত্তির জন্য এটি সুপারিশ করা হচ্ছে যেন সমস্ত স্বতন্ত্র আমানতকারী মনোনয়নের সুবিধা গ্রহণ করেন। মনোনীত ব্যক্তি, আমানতকারীর মৃত্যুতে সমস্ত আইনি উত্তরাধিকারীর ট্রাস্টি হিসাবে অ্যাকাউন্টে থাকা জমা অর্থ পাবেন। কোনও ডিপোজিট অ্যাকাউন্ট খোলার সময় আমানতকারীকে মনোনয়নের সুবিধা সম্বন্ধে অবহিত করা হবে। 2-ওয়ে স্যুইপ সুবিধার ফিক্সড ডিপোজিট অ্যাকাউন্ট খোলার সময়, (অ্যাক্টিভ মানি) সেভিং / কারেন্ট অ্যাকাউন্টে মনোনয়নের সুবিধা দেবার কথা বিবেচনা করা হবে।

চেক বই এবং চেক

সেভিংস, কারেন্ট বা ওভারড্রাফট অ্যাকাউন্টে চেক বই ব্যাংক দ্বারা নির্দেশিত বিভিন্ন মাশুলের পরিবর্তে ইস্যু করা হতে পারে। গ্রাহকের বাড়ির ঠিকানায় চেক বই পাঠানো হবে। আইন অনুযায়ী ব্যাংক নিজের বিবেচনামত কোনও কোনও গ্রাহককে 'অ্যাট পার' চেক বইয়ের সুবিধা দিতে পারে।

ব্যাংক, কারেন্ট, সেভিংস অথবা ওভারড্রাফট অ্যাকাউন্টের কোনও গ্রাহককে নতুন চেক বই ইস্যু করতে অস্বীকার করতে পারে যদি কোনও এক আর্থিক বছরে এক কোটি বা তার বেশি মূল্যের চেক যথেষ্ট পরিমাণে অর্থ না থাকার কারণে চারবার বা তার বেশিবার অস্বীকৃত হয়ে থাকে। এ ছাড়া, ব্যাংক নিজস্ব বিবেচনায় কারেন্ট অ্যাকাউন্ট বন্ধ করার কথা বিবেচনা করতে পারে।

এ ছাড়া, ব্যাংক, বারবার চেক অস্বীকৃত হবার কারণে / ব্যাংক দ্বারা নির্দেশিত এক মাসে চেক বইয়ের পাতা ইস্যু করার সীমা অতিক্রম করলে (একক অ্যাকাউন্টে - 100 পাতা, একক-বিহীন অ্যাকাউন্টে - 500 পাতা) চেক বই বন্ধ করার অধিকার সুরক্ষিত রাখে।

গ্রাহক অবশ্যই এমনভাবে চেক ইস্যু করবেন যাতে ইস্যু করার পরে সংশোধন এড়ানো যায় এবং গ্রাহকের স্বাক্ষর ব্যাংকের রেকর্ডে রাখা স্বাক্ষরের সঙ্গে মিলতে হবে। চেকের যে কোনও পরিবর্তনে, প্রত্যেক এরকম পরিবর্তনের জন্য অবশ্যই গ্রাহকের স্বাক্ষর দ্বারা সত্য বলে প্রমাণ করতে হবে। ব্যাংক এরকম কোনও চেকে অর্থপ্রদান করতে প্রত্যাখান করার অধিকার সুরক্ষিত রাখে যা যে কোনভাবে পরিবর্তিত হয়েছে, যতক্ষণ না পর্যন্ত ওই পরিবর্তন ব্যাংকের রেকর্ডে দেওয়া নমুনাচিহ্নিত অনুযায়ী গ্রাহক পুরো স্বাক্ষর করে থাকেন।

অ্যাকাউন্টের বিবরণ

অ্যাকাউন্ট খোলার শর্তানুযায়ী, ব্যাংক দ্বারা সেভিংস ব্যাংক এবং কারেন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের অ্যাকাউন্টের বিবরণ সময়ে সময়ে প্রদান করা হবে।

পাশবই সুবিধা

গ্রাহকের বিশেষ অনুরোধে ব্যাংক একক গ্রাহককে পাশবইয়ের সুবিধা প্রদান করতে পারে। যেসব গ্রাহকের পাশবইয়ের সুবিধা নিচ্ছেন, তাদের জেনারেল শিডিউল অব চার্জ অনুযায়ী মাশুলের বিনিময়ে অ্যাকাউন্টের বিবরণ দেওয়া হবে।

সরাসরি বিয়োজন এবং স্থায়ী নির্দেশ

এটি একপ্রকারের অর্থপ্রদানের পদ্ধতি যা গ্রাহককে অনুমতি দেয় আমাদের ব্যাংককে নিয়মিত অর্থপ্রদানের নির্দেশ দেবার, যেমন, এক অ্যাকাউন্ট থেকে অন্য অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরের, লকারের ভাড়া মেটানো, ক্রেডিট কার্ডের অর্থ মেটানো, জীবনবিমার অর্থ দেওয়া এবং যে কোনও নির্দিষ্ট প্রাপককে অন্যান্য যে কোনও সময়কালীন অর্থপ্রদান করা। এ ছাড়া, এই সুবিধা গ্রাহককে চেক লেখার ঝামেলা এড়াতে সাহায্য করে।

এই পরিষেবা লভ্য করতে, আপনার সরাসরি বিয়োজন নির্দেশকে ঠিক মতো

গড়পড়তা ত্রৈমাসিক / মাসিক জমা

একিউবি – গড়পড়তা ত্রৈমাসিক জমা (গড় ত্রৈমাসিক ব্যালেন্স) – গ্রাহক দ্বারা তিন ক্যালেন্ডার মাসের গড়পড়তা জমার কথা বলা হয়ে থাকে।

এএমবি – গড়পড়তা মাসিক জমা (গড় মাসিক ব্যালেন্স) – গ্রাহক দ্বারা মাসের গড়পড়তা জমার কথা বলা হয়ে থাকে।

একিউবি/এএমবি–র হিসাব নিচের পদ্ধতি অনুযায়ী হয়ে থাকেঃ একিউবি/এএমবি = মাসের বা তিন মাসের প্রত্যেক দিনের শেষ জমা রাশিগুলির যোগফল (সেই মাস বা তিন মাসের মোট দিন সংখ্যা)।

সেভিংস ব্যাংকে সুদ প্রদান

সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে সুদ প্রদান প্রত্যেক দিনের জমা (ডেইলি প্রোডাক্ট) অনুযায়ী হিসাব করা হয়ে থাকে।

1 এপ্রিল 2016 থেকে কার্যকর সেভিংস ব্যাংক অ্যাকাউন্টের শেষ রাশির ওপর অর্জিত সুদ সেভিংস অ্যাকাউন্ট তিন মাসের ব্যবধানের ভিত্তির ওপর জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর ও মার্চ মাসে জমা করতে হবে।

সেভিংস অ্যাকাউন্টে সুদের হার হল নিম্নরূপ:

অ্যাকাউন্ট ব্যালেন্স	সুদের হার
সমস্ত ব্যালেন্সের জন্য	2.50% প্রতি বছর

ব্যাখ্যা:-

দিন শেষে অ্যাকাউন্টে ব্যালেন্স = 55,00,000 ।

সমস্ত ব্যালেন্সের জন্য ফিক্সড ইন্টারেস্ট = 2.50% প্রতি বছর ।

দিনের জন্য প্রদেয় সুদ গণনা করা হয়: (55,00,000*2.50%*365) ।

*বর্তমানে আরবিআই সেভিংস অ্যাকাউন্টের সুদের হার ডি–রেগুলারাইজড্ করেছে যা সময়ানুযায়ী পরিবর্তিত হতে পারে ।

ফিক্সড ডিপোজিটের ওপরে সুদ প্রদান

যদি কোনো ব্যক্তির সমস্ত ফিক্সড ডিপোজিটের উপর একটি আর্থিক বছরের মধ্যে প্রদত্ত / প্রদেয় মোট সুদের পরিমাণ আয়কর আইনের অধীনে নির্দিষ্ট পরিমাণের থেকে অধিক হয়, তাহলে ফান্ডে কর কেটে নেওয়ার জন্য ব্যাঙ্কের আইনগত বাধ্যবাধকতা রয়েছে। ব্যাংক বিয়োজিত করের অর্থের জন্য একটি কর বিয়োজনের শংসাপত্র (ট্যাক্স ডিডাকশন সার্টিফিকেট – টিডিএস সার্টিফিকেট) ইস্যু করবে। আমানতকারী, যদি টিডিএস থেকে অব্যাহতি পাবার অধিকারী হন, ওই টিডিএস কাটা এড়াবার জন্য, তাঁকে প্রত্যেক আর্থিক বছরের শুরুতে নির্দেশিত ফরম্যাটে ঘোষণাপত্র জমা দিতে হবে।

অ্যাক্টিভমানি (টু–ওয়ে স্যুইপ ডিপোজিট)–এর জন্য রেগুলার ফিক্সড ডিপোজিটের হার প্রবীণ নাগরিক / ব্যাঙ্ক কর্মী সহ সকল গ্রাহকদের ক্ষেত্রে প্রযোজ্য ।

পুনঃবিনিয়োগের ক্ষেত্রে ত্রৈমাসিক বিরতিতে এফডি–এর উপর সুদ বৃদ্ধি করা হয়, ডিপোজিটের সাপেক্ষে, ন্যূনতম 181 দিন বা তা অধিক মেয়াদের জন্য ব্যাঙ্কে রাখা হয় । 181 দিনের কম মেয়াদের ফিক্সড ডিপোজিটের ক্ষেত্রে, মেয়াদপূর্তিতে সুদ সরল সুদ হিসাবে গণনা করা হয় ।

ফিক্সড ডিপোজিটের ওপরে সুদ হিসাব করার পদ্ধতি

মাসিক সুদগ্রহণের সুযোগ মাসিক সুদযুক্ত এফডির ওপর সুদের হার নির্দিষ্ট হারের ওপরে ছাড় দেওয়া হবে।

আমানত জমা করার দিন থেকে মাসিক বিরতিতে সুদ দেওয়া হবে। যেমন, 15 ফেব্রুয়ারি 2025-এ করা আমানতের ওপরে সুদ 15 মার্চ 2025-এ প্রদত্ত হবে।

ত্রৈমাসিক সুদ গ্রহণের সুযোগ আমানত জমা করার দিন থেকে ত্রৈমাসিক বিরতিতে সুদ দেওয়া হবে, যেমন 15 ফেব্রুয়ারি 2025-এ করা আমানতের ওপরে সুদ 15 মে 2025-এ প্রদত্ত হবে।

নন-লিপ বছরে বুক করা ডিপোজিটের জন্য সুদের গণনা বছরে 365 দিন এবং লিপ (ক্যালেন্ডার) বছরে বুক করা ফিক্সড ডিপোজিটের জন্য বছরে 366 দিন ভিত্তিতে করা হয়। উদাহরণ - 2024 সালের ক্যালেন্ডার বছর (একটি অধিবর্ষ) বুক করা একটি ফিক্সড ডিপোজিটের জন্য, 2024 সালের সম্পূর্ণ সময়ের জন্য সুদ (ফেব্রুয়ারীর পূর্বে বা পরবর্তীতে বুক করা হোক না কেন), এবং সুদ 366 দিনের ভিত্তিতে গণনা করা হবে।

ক্রমবর্ধমান সুদ দেওয়ার সুযোগ কিউম্যুলেটিভ ডিপোজিটের ক্ষেত্রে, সুদ ত্রৈমাসিক বিরতিতে চক্রবৃদ্ধি হারে বাড়তে থাকে, যেমন পরের তিন মাসের সুদ গণনার জন্য তিন মাসে অর্জিত সুদকে আসলের সঙ্গে যোগ করা হয়। ত্রৈমাসিক সুদ হিসাবের ফর্মুলা ত্রৈমাসিক সুদ গ্রহণের সুবিধার মতো একই।

উদাহরণ স্বরূপ -

ত্রৈমাসিক	মূল অর্থ	সুদ	ত্রৈমাসিক সময়কালের আসল জমা
1	100	2	102
2	102	2.04	104.04
3	104.04	2.08	106.12

পরের ত্রৈমাসিক সময়কালের জন্য আমানতের মেয়াদপ্রাপ্তি অবধি একইভাবে গণনা করা হয়ে থাকে। এই ব্যাখ্যা টিডিএসের প্রভাব বিবেচনা ব্যতীতই করা হয়েছে। কিউম্যুলেটিভ সুদ আমানতের ওপরে প্রদান করা হয়, যদি আমানতের সময়কাল 181 দিন বা দুটি ত্রৈমাসিক সময়কালের কম হয়, চক্রবৃদ্ধিহারে সুদ আমানতের ওপরে দেওয়া হয় না।

বয়স্ক নাগরিকদের ফিক্সড ডিপোজিট (60 বছর বা অধিক)

ব্যাংক বয়স্ক নাগরিকদের দ্বারা জমাকৃত ফিক্সড ডিপোজিটের ওপরে সময়ে সময়ে আরো বেশি সুদের হারের সুযোগ দেয়। বয়স্ক নাগরিকদের গচ্ছিত ফিক্সড ডিপোজিটের বিষয়ে ব্যাংকও সমস্ত প্রযোজ্য ইনকাম ট্যাক্স নিয়মের দ্বারা চালিত হবে।

মূল উৎস থেকে ট্যাক্স বিয়োজন (টিডিএস)

আর্থিক বছরে জমাকারীকে প্রদেয় সুদ যদি আইটি আইন, 1961-এ উল্লিখিত সীমা অতিক্রম করে, তাহলে টিডিএস প্রযোজ্য হবে। বর্তমানে, এই সীমা ₹50,000/- (প্রবীন নাগরিকদের জন্য ₹1,00,000), টিডিএস-এর হার আইটি আইন অনুযায়ী নির্ধারিত হবে। প্রচলিত কর আইন অনুযায়ী, কোটাক ব্যাঙ্ক আকাউন্টধারকের পক্ষে জমা হওয়া সুদের উপর গণনা করা টিডিএস-এর পরিমাণ কর কর্তৃপক্ষের কাছে প্রেরণ করে। 31শে মার্চ আর্থিক বছরের শেষে অপরিশোধিত সুদের উপরও টিডিএস কাটা হয় এবং অর্জিত সুদ টিডিএস আদায়ের জন্য পর্যাপ্ত না হলে, ডিপোজিট রাশির মূলধন থেকে টিডিএস আদায় করা হবে। যদি 31শে মার্চ পর্যন্ত ফিক্সড ডিপোজিটের উপর কোনো সুদ জমা থাকে, তাহলে উক্ত ডিপোজিটের উপর একটি লিয়েন রাখা হবে যতটা টিডিএস-এর ঘাটতি থাকবে যা অর্জিত সুদের উপর কেটে নেওয়া হবে। এই টিডিএস ঘাটতি লিয়েনের অধীনে থাকা কোনো পরিমাণ সুদ পাবে না যতক্ষণ না এটি পরবর্তী সুদের ঘটনা / ডিপোজিটের বন্ধকরণের থেকে পুনরুদ্ধার করা হবে। লিয়েনের পরিমাণ পরবর্তী সুদ পরিশোধ চক্রে বা ডিপোজিটের পরিমাণের আংশিক / পূর্ববর্তী বন্ধকরণের সময়, যেটি পূর্বে হবে, সেই সময় পুনরুদ্ধার করা হবে। গ্রাহক নিকটতম শাখায় অনুরোধ জমা দিয়ে তাদের কারেন্ট অ্যাকাউন্ট / সেভিংস অ্যাকাউন্ট থেকে টিডিএস পুনরুদ্ধারের অনুমোদন দিতে পারেন। যদি কারেন্ট অ্যাকাউন্ট / সেভিংস্ অ্যাকাউন্ট ব্যালেন্স অপর্যাপ্ত থাকে, তাহলে উপরে উল্লিখিত পরিস্থিতিতে প্রযোজ্য টিডিএস পরিমাণের জন্য ফিক্সড ডিপোজিট (এফডি)-এর উপর একটি হোল্ড বা লিয়েন রাখা যেতে পারে।

টিডিএস থেকে অব্যাহতি

আইটি অ্যাক্টে নির্দেশিত নিয়ম অনুযায়ী নিম্নলিখিত ফর্ম জমা দিয়ে টিডিএস থেকে অব্যাহতি পাওয়া যেতে পারেঃ-

ফর্ম 15জি এটি এক ঘোষণাপত্র যা বিবৃত করে যে আমানতকারী কর দিতে সম্ভাব্যভাবে দায়ী থাকবেন না এবং তাই, টিডিএস থেকে সম্ভাব্য অব্যাহতি পেতে পারেন। ফর্ম 15জি কোনও একক বা ব্যক্তির উপরে প্রযোজ্য (কোনও প্রতিষ্ঠান বা সংস্থা নয়) বয়স্ক নাগরিক ব্যতীত।

ফর্ম 15H এটি এক ঘোষণা যা বিবৃত করে যে আমানতকারী কর দিতে সম্ভাব্যভাবে দায়ী থাকবেন না এবং তাই, টিডিএস থেকে সম্ভাব্য অব্যাহতি পেতে পারেন। ফর্ম 15H স্বতন্ত্র স্থায়ী বাসিন্দাদের ওপরে প্রযোজ্য যারা বয়স্ক নাগরিক (অর্থাৎ স্বতন্ত্র ব্যক্তি যাদের বয়স 60 বছর বা তার ওপরে)।

আইটি অফিসারের থেকে অব্যাহতির শংসাপত্র – ফর্ম 15AA আইটি অ্যাক্ট এটাও বিবৃত করে যে ওই বিভাগে উল্লেখিত কোনও আয়ের মোট অর্থের পরিমাণ যা গত বছরে জমা পড়েছে বা শোধ করা হয়েছে অথবা সম্ভাব্যভাবে জমা হবে বা শোধ হবে, সেই সর্বোচ্চ পরিমাণ কর অযোগ্য অর্থকে অতিক্রম করতে পারে, তাহলে ওই অনুবিধি প্রযোজ্য হবে না এবং অ্যাসেসি ফর্ম 15জিতে কোনও ঘোষণাপত্র পেশ করার যোগ্য হবেন না। এই ক্ষেত্রে, আইটি অফিসারের থেকে প্রাপ্ত এক সুনির্দিষ্ট অব্যাহতি পত্র জমা দেওয়ার প্রয়োজন হবে। প্রতিষ্ঠানসমূহ যেমন ট্রাস্ট / সোসাইটি, প্রভৃতি যেগুলি ইনকাম ট্যাক্স থেকে অব্যাহতি পেয়ে থাকে, তাদের এই পত্র / ফর্ম 15AA জমা দেবার প্রয়োজন হবে যদি ওই আর্থিক বছরে সুদ যা প্রদান করা হয়েছে বা সম্ভাব্যভাবে প্রদান করা হবে, তা সর্বোচ্চ পরিমাণ অর্থ যা করযোগ্য নয়, তাকে সম্ভাব্যভাবে অতিক্রম করতে পারে।

মেয়াদ সমাপ্তির আগে ফিক্সড ডিপোজিট তুলে নেওয়া

গ্রাহক প্রকৃত মেয়াদ সমাপ্তির আগে আংশিক বা সম্পূর্ণভাবে আমানত তুলে নিতে পারে। যদি আপনি মেয়াদপূর্বে টাকা তুলে নেন, তাহলে জমা দেওয়ার তারিখে প্রযোজ্য হারে ব্যাঙ্কে জমা থাকা সময়ের জন্য সুদ প্রদান করা হবে, অথবা চুক্তিবদ্ধ হারে, যেটি কম হয়, এবং মেয়াদপূর্বে টাকা তোলার জন্য প্রযোজ্য যেকোনো জরিমানা চার্জও কেটে নেওয়া হবে। উপরন্তু, ব্যাঙ্ক সময়ানুযায়ী ব্যাঙ্ক কর্তৃক নির্ধারিত হারে বিদ্যমান ডিপোজিটের মেয়াদ–পূর্ব বন্ধকরণের জন্য জরিমানা ধার্য করতে পারে । ওয়েবসাইটের ফিক্সড ডিপোজিট পৃষ্ঠায় জরিমানার নির্দেশিকা প্রদান করা হয়েছে । [উদাহরণস্বরূপ, ধরুন এফডি–এর পরিমাণ 15 লক্ষ, 1-2 বছরের জন্য সুদের হার 10% এবং 2-3 বছরের জন্য 9.50% এবং একজন গ্রাহক 2 বছর 1 দিনের জন্য (অর্থাৎ @ 9.50%) ডিপোজিট বুক করেন । যদি গ্রাহক 1 বছর পরে এফডি নগদ করেন, তাহলে @ 9% হারে সুদ প্রদান করা হবে (যে সময়ের জন্য ডিপোজিট রাখা হয়েছিল তার জন্য প্রযোজ্য চুক্তিবদ্ধ হার / হারের থেকে কম এবং 1% জরিমানা কর্তন) । আংশিক মেয়াদপূর্ব নগদীকরণের ক্ষেত্রে, অবশিষ্ট পরিমাণ মূল ডিপোজিটের চুক্তির তারিখে বিদ্যমান হার অনুযায়ী সুদ অর্জন করতে থাকবে]

181 দিন বা তার বেশি স্ট্যান্ড অ্যালোন ফিক্সড ডিপোজিটকে যা সেভিংস বা কারেন্ট অ্যাকাউন্টের সঙ্গে যুক্ত থাকে, নিয়মিত সোয়াইপ ডিপোজিটের কার্যপ্রক্রিয়া অনুসারে কাজ করতে হবে এবং ওপরে বর্ণিত দণ্ড মাশুল প্রযোজ্য হবে।

ফিক্সড ডিপোজিটে অর্থ প্রদান / পুনর্নবীকরণ

আমানত গচ্ছিত রাখার সময় মেয়াদ সমাপ্তির এবং অর্থপ্রদানের নির্দেশাবলী প্রদান করা বাধ্যতামূলক। গ্রাহকের ব্যাংকের সঙ্গে যুক্ত তাঁর কারেন্ট বা সেভিংস অ্যাকাউন্টে অর্থ প্রাপ্তির সুবিধা আছে অথবা ব্যাংককে তিনি অনুরোধ করতে পারেন তাঁর নথিভুক্ত যোগাযোগের ঠিকানায় ডিমান্ড ড্রাফট বা ব্যাংক চেক পাঠাতে। গ্রাহক এই আমানতের সময়কালে যে কোনও সময় মেয়াদ প্রাপ্তির নির্দেশাবলীর পরিবর্তন করতে পারেন। এই নির্দেশাবলী রক্ষিত হবে এবং মেয়াদ প্রাপ্তিতে সম্পাদিত হবে।

ফিক্সড ডিপোজিটের পরিবর্তে ওভারড্রাফট্

ব্যাংক, আমানতকারীর ফিক্সড ডিপোজিটের প্রয়োজনীয় মালিকানা সনদপত্র আমানতকারী দ্বারা যথোপযুক্তভাবে হস্তান্তরিত হবার পরিবর্তে ঋণ বা ওভারড্রাফট সুবিধার প্রস্তাব বিবেচনা করতে পারে। ব্যাংক অপ্রাপ্তবয়স্কদের নামে গচ্ছিত আমানতের পরিবর্তেও ঋণ দেওয়ার সুবিধা বিবেচনা করতে পারে, তবে, আমানতকারী বা আবেদনকারীকে এক যথাযোগ্য ঘোষণা পেশ করতে হবে যা বিবৃত করবে যে ঋণটি অপ্রাপ্তবয়স্কর মঙ্গলের জন্য করা হয়েছে।

রেকারিং ডিপোজিট

সুদ প্রদান

- ইন্ডিয়ান ব্যাংক অ্যাসোসিয়েশনের সুপারিশকৃত পদ্ধতিতে আরডির ওপরে সুদের হিসাব কষা হবে।
- আরডির ওপরে সুদের হার আরডি খোলার দিনে প্রযোজ্য ফিক্সড ডিপোজিটের হারের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।
- আরডির ওপরে সুদ ত্রৈমাসিক বিরতিতে চক্রবৃদ্ধিভাবে হয়ে থাকে, প্রযোজ্য হারে।

কিস্তির অর্থ প্রদানঃ

- কিস্তির পরিমাণ একবার নির্দিষ্ট হয়ে গেলে তার আর কোনও পরিবর্তন করা যাবে না।
- অর্থ দেওয়ার সময় একের বেশি কিস্তি বকেয়া থাকলে, প্রদত্ত কিস্তি যদি শুধুমাত্র একটি কিস্তির অর্থ দেওয়ার জন্য যথেষ্ট হয়, তাহলে প্রথম / সবচেয়ে প্রথমের বকেয়া কিস্তির পরিমাণই মেটানো হবে।
- কিস্তির অর্থ আংশিক বা আগাম পরিশোধ করা যাবে না।
- ব্যাংক আমানতকারীকে কিস্তির অর্থ দেওয়ার জন্য জন্য তাঁর অ্যাকাউন্টে যথেষ্ট পরিমাণে অর্থ জমা আছে কি না তা জানাতে দায়ী থাকবে না।

যোগ্যতাঃ

- স্বতন্ত্র স্থায়ী বাসিন্দা (অপ্রাপ্তবয়স্ক সহ) এবং হিন্দু অবিভক্ত পরিবার।

মেয়াদ সমাপ্তিঃ

- আমানত অর্থ চুক্তির সময়কাল শেষ করলে, মেয়াদ সমাপ্ত হবে, এমনকি বকেয়া কিস্তি থাকলেও এবং এরকম কোনও অর্থ পরিশোধ না করার জন্য প্রযোজ্য দণ্ডণীয় সুদের মাশুল বিয়োজন করার পরে পরিশোধ করার জন্য বাকি থাকলে।
- এই আমানত ব্যাংকে গচ্ছিত রাখার এক মাসের মধ্যেই যদি তা মেয়াদকাল সমাপ্তির আগে বন্ধ করে দেওয়া হয়, কোন সুদ দেওয়া হবে না এবং শুধু মূল অর্থই ফের দেওয়া হবে।
- আরডি সার্টিফিকেটে বর্ণিত মেয়াদ সমাপ্তির শেষে উল্লেখিত অর্থ দেওয়া হবে এই শর্তে যে সমস্ত কিস্তির অর্থ যথা সময়ে দেওয়া হবে।

কিস্তির অর্থ পরিশোধে বিলম্বের জন্য দণ্ডঃ

- 5 দিনের গ্রেস পিরিয়ডের পরে যদি কোনো কিস্তি পরিশোধে বিলম্ব হয়, তাহলে বিলম্বের মাসের জন্য ব্যাঙ্ক কর্তৃক সময়ানুযায়ী নির্ধারিত আরডি সুদের হারে জরিমানা সুদ ধার্য করা হবে ।
- কোনও মাসের আংশিক দিনগুলিকে এক গোটা মাস হিসাবে গণ্য করা হবে এরকম কোনও সুদের হিসাব কষার জন্য।
- এমনকি যদি কোনও মাসে অর্থপ্রদান স্বীকৃত হয়, কিন্তু কিস্তির অর্থ আদায়ের স্থায়ী নির্দেশ ব্যর্থ হয়ে থাকে, ব্যাংক গ্রাহকের কারেন্ট / সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থেকে জেনারেল ফিচার্স অ্যান্ড শিডিউল অব চার্জ (জিএফএসসি) অনুসারে স্থায়ী নির্দেশ ব্যর্থতার মাশুল আদায় করবে।
- মাশুলযোগ্য সম্পূর্ণ দণ্ডণীয় সুদ ব্যাংক দ্বারা প্রদেয় সম্পূর্ণ সুদের অর্থ থেকে আদায় করা হবে এবং মেয়াদকাল সমাপ্তিতে বা মেয়াদ সমাপ্তির আগে অ্যাকাউন্ট বন্ধ করার সময়ে আদায় করা হবে, যেমন যেমন ক্ষেত্রে প্রযোজ্য।

রেকারিং ডিপোজিট (আরডি)-এর মেয়াদপূর্ব উত্তোলন:

- এই আমানত ব্যাংকে গচ্ছিত রাখার এক মাসের মধ্যেই যদি তা মেয়াদ সমাপ্তির আগে বন্ধ করে দেওয়া হয়, কোনও সুদ দেওয়া হবে না এবং শুধু মূল অর্থই ফেরত দেওয়া হবে।
- আরডি-এর মেয়াদপূর্ব উত্তোলনের বিষয়ে । ডিপোজিটের মেয়াদের জন্য জমা দেওয়ার তারিখে বিদ্যমান হারে বা চুক্তিবদ্ধ হারে, যেটি কম হবে, জরিমানা চার্জ কেটে নেওয়ার পরে সেই সুদ প্রদান করা হবে, ব্যাঙ্ক সময়ানুযায়ী ব্যাঙ্ক কর্তৃক নির্ধারিত হারে বিদ্যমান ডিপোজিট মেয়াদ-পূর্ব বন্ধকরণের জন্য জরিমানা ধার্য করতে পারে ।

ভারতে কিছু নির্বাচিত শাখায় বিদেশি মুদ্রার পরিষেবা প্রসারিত হয়েছে (এ এবং বি ক্যাটেগরী) যারা বিদেশি মুদ্রার লেনদেন করার জন্য অনুমোদিত।

- বিদেশি মুদ্রার নগদ ক্রয় / বিক্রয়
- ইলেকট্রনিক স্থানান্তর / আউটওয়ার্ড রেমিট্যান্স
- ডিমান্ড ড্রাফট
- ফোরেক্স কার্ড

চেক

আমাদের গ্রাহক হিসাবে আপনি সমস্ত মুদ্রাব্যবস্থায় চেক জমা দিতে পারেন। শুধুমাত্র একটি ডিমান্ড ড্রাফট বা চেক আপনার কোটাক মহিন্দ্রা ব্যাংক অ্যাকাউন্টের নামে নিম্নলিখিত ঠিকানায় প্রেরণ করুন এবং আমরা সেই অর্থ আপনার সমুদ্রপারের ব্যাংক থেকে সংগ্রহ করব এবং আপনার অ্যাকাউন্টে জমা করব। এনআরআই সার্ভিস সেন্টার, কোটাক মহিন্দ্রা ব্যাংক লিমিটেড, 6-তলা, বিনয় ভব্য কমপ্লেক্স, সি.এস.টি. রোড, সান্তাক্রুজ পূর্ব, মুম্বাই-400 098। আমাদের সঙ্গে যুক্ত আপনার অ্যাকাউন্টে চেকের অর্থ জমা পড়ার সময়কাল বিদেশি মুদ্রার ধরন এবং যে দেশ / স্থানের ওপর চেকটি ইস্যু করা হয়েছে তার ওপরে নির্ভর করবে, যে দিন থেকে জমা আমাদের নস্ট্রো অ্যাকাউন্টে দেখা দেবে, তার থেকে 6 থেকে 21 কাজের দিনের মধ্যে।

নগদ বিদেশি মুদ্রা

বর্তমানে মোবাইল ব্যাঙ্কিং অ্যাপে ফরেন কারেন্সি ক্যাশ কেবলমাত্র এলআরএস-এর অধীনে অবসর ভ্রমণ এবং শিক্ষার জন্য বিদেশ ভ্রমণকারী আবাসিক ব্যক্তিদের জন্য 15টি কারেন্সিতে উপলব্ধ । বিক্রয়কৃত ফরেন কারেন্সির পরিমাণ সময়ানুযায়ী আরবিআই কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী । ফরেক্স লেনদেনগুলি আরবিআই-এর ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট (এফইএমএ)-এর অধীনে নিয়ন্ত্রিত হয়, যা লিবারেলাইজড্ রেমিট্যান্স স্কিম (এলআরএস) সীমা, ফরেন কারেন্সি ক্যাশ এবং সম্মতির নিয়মের উপর ট্যাক্স কালেক্টেড অ্যাট সোর্স (টিসিএস) ।

আউটওয়ার্ড রেমিট্যান্স

আউটওয়ার্ড রেমিট্যান্স, যা টেলিগ্রাফিক ট্রান্সফার / ট্রান্সফার / ওয়্যার ট্রান্সফার / সুইফ্ট ট্রান্সফার নামেও পরিচিত, বিশ্বের যে কোনো স্থানে সুবিধাভোগী অ্যাকাউন্টে অর্থরাশি প্রেরণ করার দ্রুততম এবং সবথেকে সুবিধাজনক উপায় । লিবারেলাইজড্ রেমিট্যান্স স্কিম (এলআরএস)-এর অধীনে প্রতিটি আবাসিক ব্যক্তি প্রতি আর্থিক বছরে সর্বোচ্চ ইউএসডি 250000 পর্যন্ত প্রেরণ করতে পারেন ।

শিক্ষা সংক্রান্ত ফি, জীবনযাত্রার খরচ, পরিবারের ভরণপোষণ, বিদেশী বিনিয়োগ বা আপনার বন্ধুদের কাছে বিদেশে অর্থরাশি প্রেরণ, আমাদের অনলাইন আউটওয়ার্ড রেমিট্যান্স সার্ভিস কোটাক রেমিট ব্যবহার করে মাত্র কয়েকটি ক্লিকেই সবকিছু করা সম্ভব, যা আপনার মোবাইল / নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অ্যাক্সেস করা যায় ।

কোটাক রেমিট

- গ্রাহকরা লিবারেলাইজড্ রেমিট্যান্স স্কিম (এলআরএস)-এর অধীনে কারেন্ট এবং ক্যাপিটাল অ্যাকাউন্টের উদ্দেশ্যে বিদেশে অর্থরাশি প্রেরণ করতে পারেন ।
- উচ্চ মূল্যের লেনদেনের জন্য ইউএসডি 50,000 পর্যন্ত অনলাইন রেমিট্যান্স সুবিধাজনক ডিজিটাল রেমিট্যান্স সুবিধা।
- নির্দেশনা এবং গ্রাহক পরিষেবার জন্য টেলিফোনিক সহায়তা উপলব্ধ
- 15টি কারেন্সিতে উপলব্ধ
- গ্রাহকরা অনলাইন ট্রান্সফারের মাধ্যমে কম লেনদেন চার্জের লাভ ওঠাতে পারবেন

কোটাক রেমিট-এর মাধ্যমে 24 x 7 অনলাইন ট্রান্সফার করার জন্য আপনি আমাদের নিম্নের যে কোনো পদ্ধতি বেছে নিতে পারেন

- মোবাইল ব্যাঙ্কিং:

  কোটাক ব্যাঙ্ক মোবাইল ব্যাঙ্কিং-এ লগ-ইন করুন > পেমেন্ট > অর্থরাশি প্রেরণ করুন > অর্থরাশি বিদেশে প্রেরণ করুন >
- নেট ব্যাঙ্কিং:

  নেট ব্যাঙ্কিং-এ লগ-ইন করুন > ''পেমেন্টস্ অ্যান্ড ট্যাক্সেস''-এ ক্লিক করুন > 'অর্থরাশি বিদেশে প্রেরণ করুন' নির্বাচন করুন >

বৈকল্পিকরূপে, আপনি এ2 সহ বিবৃতি / আবেদন ফর্ম পূরণ করতে পারেন এবং নিকটতম কোটাক ব্যাঙ্ক শাখায় জমা দিতে পারেন

বিদেশি মুদ্রায় ডিমান্ড ড্রাফট

একটি ফরেন কারেন্সি ডিমান্ড ড্রাফ্ট (এফসি ডিডি) হল একটি প্রিপেইড, বিনিময়যোগ্য ব্যাঙ্কিং উপকরণ যা একটি ব্যাঙ্ক কর্তৃক আন্তর্জাতিক অর্থপ্রদানের সুবিধার্থে ফরেন কারেন্সিতে জারী করা হয় । ফরেন কারেন্সির ডিমান্ড ড্রাফ্ট স্বত্ত্বভোগীর অনুকূলে তৈরি করতে হবে এবং বিভিন্ন ধরণের অর্থপ্রদানের জন্য ব্যবহার করা যেতে পারে যেমন -

- কোনও বন্ধু বা আত্মীয়কে উপহার প্রদান করা
- বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার জন্য যেমন টোএফেল, জিম্যাট প্রভৃতি আবেদন ফির জন্য অর্থ প্রদান করা
- বিদেশে বিশ্ববিদ্যালয়ের ফি দেওয়া
- বিদেশে চিকিৎসার জন্য অর্থ
- আরবিআই নির্দেশিকা অনুসারে অন্যান্য অনুমোদিত উদ্দেশ্যে

এফসিওয়াই ডিমান্ড ড্রাফ্ট তিনটি কারেন্সিতে জারি করা হয়: ইউনাইটেড স্টেটস্ ডলার (ইউএসডি), গ্রেট ব্রিটেন পাউন্ড (জিবিপি), এবং কানাডিয়ান ডলার (সিএডি)

ফোরেক্স কার্ড

কোটাক ফোরেক্স কার্ড হল একটি চিপ ভিত্তিক প্রি-পেইড কার্ড যা ভিসার সাথে যৌথভাবে চালু করা হয়েছে । এই মাল্টিকারেন্সি কার্ডটি আপনাকে সুবিধাজনক এবং নিরাপদ উপায়ে একটি কার্ডে সর্বাধিক ১৫টি কারেন্সি লোড করার বিকল্প অফার করে । কোটাক ফোরেক্স কার্ডের ব্যবসায়ীদের কাছে ব্যাপক গ্রহণযোগ্যতা রয়েছে, এটি অধিকতর নিরাপত্তা প্রদান করে এবং ব্যবহার করা সহজ এবং দ্রুত । এটি ফরেন এক্সচেঞ্জ ক্যাশ-এর সর্বোত্তম বিকল্প ।

- এটি একটি সুবিধাজনক জিনিস এবং বহন এবং ব্যবহার করা সহজ । একটি কার্ডে একাধিক মুদ্রা লোড করা যেতে পারে ।
- এটি ১৫টি কারেন্সিতে উপলব্ধ যেমন ইউএসডি / ইইউআর / জিবিপি / এইউডি / এসজিডি / সিএইচএফ / এইচকেডি / জেপিওয়াই / সিএডি / এসইকে / জেডএআর / এইডি / এসএআর / টিএইচবি / এনজেডডি
- এনক্রিপ্টেড চিপ কার্ডকে নকল, জালিয়াতি এবং অপব্যবহার থেকে সুরক্ষিত করে ।
- স্থানীয় ডিফল্ট কারেন্সির সম্পূর্ণ ব্যবহারের পরে, ব্যবহারের জন্য পরবর্তী ডিফল্ট কারেন্সির উপলব্ধতা ।
- এটি বিনিময় হারের ওঠানামা থেকে সুরক্ষা প্রদান করে ।
- এটি ব্যয় নিয়ন্ত্রণ এবং দৈনিক পেমেন্টের জন্য ব্যবহার করা যেতে পারে ।
- এটি শাখার কাউন্টার জুড়ে ইনস্ট্যান্টলি জারী করা যেতে পারে বা আপনার নিবন্ধিত ঠিকানায় পৌঁছে দেওয়া যেতে পারে ।

- কার্ডে লোড করা একই দেশে লেনদেন করা হলে, কোনো ক্রস কারেন্সি লেনদেন মার্ক-আপ নেই।
- বৈধতা 5 বছর (কার্ড ফেস-এর উপর যেরকম উল্লেখ করা হয়েছে)
- ব্যক্তিগতকৃত / অ-ব্যক্তিগতকৃত কার্ড / ব্যাকআপ কার্ড / ইন্সটা কার্ড-এর বিকল্প।

ফোরেক্স কার্ড বিদেশ ভ্রমণকারী আবাসিক ভারতীয় নাগরিক এবং ভারতে বসবাসকারী বিদেশী নাগরিকদের জন্য উপলব্ধ। এটি কোটাক মহিন্দ্রা ব্যাঙ্কে অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষণকারী গ্রাহকদের পাশাপাশি ব্যাঙ্কের বাইরের গ্রাহকদের জন্য জারী করা যেতে পারে। প্রযোজ্য নথিপত্র জমা দিয়ে মহিন্দ্রা ব্যাঙ্কের শাখায় মোবাইল / নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে এবং কাউন্টারের মাধ্যমে অনলাইনে ফোরেক্স কার্ড ইনস্ট্যান্টলি ক্রয় / লোড করা যাবে।.

ফোরেক্স লেনদেনগুলি ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট (এফইএমএ)-এর অধীনে আরবিআই দ্বারা নিয়ন্ত্রিত হয়, যা লিবারেলাইজড্ রেমিট্যান্স স্কিম (এলআরএস) সীমা, ফোরেক্স কার্ডের এবং সম্মতির নিয়মাবলীর উপর ট্যাক্স কালেক্টেড অ্যাট সোর্স (টিসিএস)।

ফোরেক্স কার্ড ইরান, উত্তর কোরিয়া, কিউবা, সিরিয়া, ক্রিমিয়া রিজিয়ন, আফগানিস্তান, ভেনেজুয়েলা, ভারত, নেপাল, ভুটান, মায়ানমার (বার্মা) দেশগুলি* ব্যতীত সারা বিশ্বে কাজ করবে।

*সময়ানুযায়ী পরিবর্তন সাপেক্ষে। আরও বিশদে জানার জন্য অনুগ্রহ করে www.kotak.bank.in-এ দেখুন। আরও বিশদে জানার জন্য অনুগ্রহ করে www.kotak.bank.in-এ দেখুন।

ফিসিং:

এটি একটি পরিভাষা যা ওয়েবসাইটে স্পর্শকাতর এবং গোপনীয় তথ্য হস্তগত করার জন্য অপরাধ সম্পর্কিত কোনও প্রতারণা বর্ণনা করার উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে থাকে। নেট ব্যবহারকারীর নাম, পাসওয়ার্ড, অ্যাকাউন্টের বিশদ তথ্য, ক্রেডিট কার্ডের নম্বর, প্রভৃতি ওয়েবসাইটে গোপনীয় তথ্য প্রকাশের জন্য প্রতারিত হয়ে থাকেন যেগুলি বিশ্বাসযোগ্য ওয়েবসাইট হিসাবে ছদ্মপ্রকাশ করে থাকে।

ফিসিং থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- সবসময় আপনার ব্রাউজারের অ্যাড্রেস বারে আমাদের ইউআরএল, www.kotak.bank.in টাইপ করে ব্যাংকের ওয়েবসাইট খুলুন।
- ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশের কোনও অনুরোধে সাড়া দেবেন না।
- আমাদের ওয়েবসাইট খোলার সময় আপনার ব্রাউজারের নীচে সবসময় একটা প্যাডলক দেখুন।
- আমাদের নিকটতম শাখায় বা আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করে যেকোন অপব্যবহারের বিষয়ে রিপোর্ট করুন।

স্পুফিং:

এটি একটি পরিভাষা যা ছদ্মভান করে অবৈধভাবে স্পর্শকাতর তথ্য সংগ্রহ করার জালিয়াতি কাজকে বর্ণনা করে থাকে। ই-মেল স্পুফ হল একটি কৌশল যা আসল প্রেরণকারীকে লুকাবার এবং একজন প্রমাণিত বিশ্বস্ত সংস্থার ছদ্মভান হিসাবে করা হয়ে থাকে যাতে ব্যবহারকারী প্রতারিত হয়ে ই-মেলে গোপনীয় তথ্য প্রকাশ করে ফেলেন। সাধারণভাবে, এতে মনে হয় যে ই-মেল বৈধ ঠিকানা থেকে পাঠানো হয়েছে অথচ এর উত্তর পাঠাবার ঠিকানা প্রকৃত প্রতারক প্রেরকের ঠিকানা হয়ে থাকে। কোন ওয়েবসাইট স্পুফ হল এক ধরনের প্রতারণার কাজ যেখানে কোনও প্রতারক সংস্থার দ্বারা এক বিখ্যাত ওয়েবসাইটের নকল করা হয়ে থাকে যার কারণে ব্যবহারকারী প্রতারিত হয়ে স্পর্শকাতর তথ্য জানিয়ে দেন।

স্পুফিং-এর হাত থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- কোটাক মহিন্দ্রা ব্যাংক কখনো আপনাকে ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশ করার অনুরোধ করে ই-মেল পাঠাবে না।
- ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশের কোনও অনুরোধে সাড়া দেবেন না।
- আমাদের ওয়েবসাইট খোলার সময় আপনার ব্রাউজারের নীচে সবসময় একটা প্যাডলক দেখুন।
- আমাদের নিকটতম শাখায় বা আমাদের 24-ঘণ্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করে যে কোনও অপব্যবহারের বিষয়ে রিপোর্ট করুন।

ভিসিং:

ভিসিং হল ফিসিং-এর মতোই, শুধুমাত্র এটি অবৈধভাবে গোপনীয় তথ্য সংগ্রহ করার জন্য ভিওআইপি (ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল) ব্যবহার করে থাকে। সাধারণত কোনও প্রতারক পক্ষ দ্বারা গ্রাহককে একটি ভয়েস কল করে গ্রাহককে স্পর্শকাতর তথ্য প্রকাশ করার জন্য প্রতারণা করে থাকে, যেমন ব্যক্তিগত, আর্থিক বা টেলিফোন পদ্ধতির সুরক্ষা সম্পর্কিত হতে পারে যেমন আইভিআর (ইন্টারঅ্যাকটিভ ভয়েস রেসপন্স)।

ভিসিং-এর হাত থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- আপনার পাসওয়ার্ড বা পিন কাউকে প্রকাশ করবেন না যিনি নিজেকে কোটাক মহিন্দ্রা ব্যাংকের প্রতিনিধি বলে পরিচয় দিচ্ছেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে কোন কোটাক মহিন্দ্রা ব্যাংক কর্মী আপনার কাছ থেকে পাসওয়ার্ড বা পিন জানতে চাইবেন না।
- আপনাকে নির্দেশ দেওয়া হলেও টেলিফোন পদ্ধতিতে কোনও ব্যক্তিগত অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য ছেড়ে যাবেন না।
- কোন কল করার আগে অনুগ্রহ করে ক্ষতিকারক মেলে প্রাপ্ত ফোন নম্বরগুলো কোটাক মহিন্দ্রা ব্যাংকের 24-ঘন্টা গ্রাহক সেবা নম্বরে যাচাই করুন।
- যদি আপনার মনে হয় যে কোনও ক্ষতিকারক মেল আপনার কাছে পাঠানো হয়েছে, আপনাকে অনুরোধ করে যে এক বিশেষ নম্বরে কল করতে যা কোটাক মহিন্দ্রা ব্যাংকের বলে ভান করছে, অনুগ্রহ করে আপনার নিকটতম শাখায় রিপোর্ট করুন অথবা আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যাচাই করুন।

সাধারণ নেট ব্যাংকিং সুরক্ষা পরামর্শ:

- আপনার ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (পিন) কখনো লিখে রাখবেন না, মনে রাখবেন! পিন নম্বর কাউকে জানাবেন না। আপনার পিন বা ব্যবহারকারী আইডি বা পাসওয়ার্ড কাউকে জানাবার কারণে আপনার কোনও ক্ষতি হলে কোটাক মহিন্দ্রা ব্যাংক তার জন্য দায়ী থাকবে না।
- পিন নির্বাচন করার জন্য, এরকম কোনও সংখ্যা বা শব্দ বাছবেন না যা সহজেই চিহ্নিত করা যায়। আদ্যক্ষর, ফোন নম্বর অথবা জন্মতারিখ ব্যবহার করা এড়িয়ে চলুন।
- কোটাক মহিন্দ্রা ব্যাংক ই-মেল এবং এসএমএস সতর্কীকরণের সুবিধা দেয় যা আপনাকে লেনদেনে সতর্কীকরণ পাঠায়। সবসময়েই ব্যাংক দ্বারা পাঠানো ইমেল / এসএমএস-অ্যালার্টের দিকে নজর রাখুন কারণ এগুলি আপনার অর্থের হদিশ রাখবে এবং যে কোনও অপব্যবহার রুখবে।
- যদি আপনি মনে করেন যে আপনার নেট ব্যাংকিং পাসওয়ার্ড সুরক্ষার কোন উলঙ্ঘন হয়েছে অথবা ডেবিট কার্ড হারিয়ে গেছে, অনুগ্রহ করে আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে অবিলম্বে যোগাযোগ করুন।

ডেবিট কার্ড এবং এটিএম সম্পর্কিত সুরক্ষা টিপসঃ

- আপনার ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (পিন) আপনার কার্ডের পিছনে কখনোই লিখে রাখবেন না অথবা পিনটি কারো কাছে প্রকাশ করবেন না - মনে রাখুন!
- প্রথম এটিএম ব্যবহারেই আপনার পিনের পরিবর্তন করুন এবং জন্মতারিখ, ফোন নম্বর প্রভৃতি সংখ্যা বাছাই করবেন না।
- কার্ড পাওয়ার সঙ্গে স্বাক্ষরের প্যানেলে আপনার স্বাক্ষর করা সুনিশ্চিত করুন। কার্ড অ্যাকাউন্ট নম্বর এবং টেলিফোন নম্বরের রেকর্ড রাখবেন হারিয়ে গেলে বা চুরি গেলে রিপোর্ট করার জন্য। তালিকা এক নিরাপদ স্থানে রাখুন।
- প্রতিবার ক্রয় করার পরে আপনার কার্ড যেন ফিরে আসে তা নিশ্চিত করুন।
- ফোনে আপনার কার্ড নম্বর কখনো দেবেন না।
- বিক্রয় রসিদে সই করার সময় সবসময়েই লেনদেনের অর্থ যাচাই করুন।
- সবসময় বিক্রির রসিদ পরীক্ষা করুন এটি যাচাইয়ের জন্য যেন রসিদের গ্রাহক প্রতিলিপি বিক্রয় প্রতিলিপিতে রেকর্ড করা অর্থের সঙ্গে মিলে যায়।
- আপনার গাড়ির গ্লাভস কম্পার্টমেন্টে কার্ড রেখে যাবেন না।
- আপনার পিন এবং লেনদেন অর্থ সুরক্ষিত রাখুন, এবং অবিলম্বে আপনার লেনদেন বাতিল করুন এবং পরিত্যাগ করুন যদি কোনও কিছু সন্দেহজনক দেখেন।
- আপনার এটিএম লেনদেন সম্পূর্ণ করার জন্য আপনার কার্ড এবং লেনদেন রেকর্ড নেবার কথা মনে রাখুন - আপনার রসিদ পিছনে ছেড়ে আসবেন না। আপনার মাসিক বিবরণের সঙ্গে যাচাই করুন।
- এটিএমে দাঁড়াবার সময় আপনার নগদ অর্থ গুনবেন না - অবিলম্বে আপনার নগদ অর্থ, কার্ড এবং রসিদ সরিয়ে ফেলুন।
- এটি সুনিশ্চিত করুন আপনার পিছনে অপেক্ষমাণ কেউ আপনার পিন অথবা লেনদেনের অর্থ যা আপনি প্রবিষ্ট করাচ্ছেন যেন না দেখতে পারে।
- যদি আপনি এটিএম মেশিন থেকে আপনার কার্ড উদ্ধার না করতে পারেন, কেউ সাহায্যের প্রস্তাব দিলে সন্দিগ্ধ হন, এমনকি তাঁকে ব্যাংকের নিরাপত্তা অফিসার বলে মনে হলেও। কোনও অচেনা ব্যক্তির কাছ থেকে সাহায্য নেবেন না।

- যদি সন্দেহ হয় যে আপনার ডেবিট কার্ড হারিয়ে গেছে, অনুগ্রহ করে অবিলম্বে আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করুন।

যে কোনো জিজ্ঞাসার জন্য, অনুগ্রহ করে আমাদের ২৪-ঘন্টা কাস্টমার কেয়ার সেন্টার-এ কল করুন এবং আমরা আপনাকে সাহায্য করতে পেরে আনন্দিত হবো ।

নিজ দেশে অর্থ পাঠানো

ডিমান্ড ড্রাফট (ডিডি)

ডিমান্ড ড্রাফটঃ অর্থ পরিশোধ সম্পন্ন করার জন্য ডিমান্ড ড্রাফট হল এক আইনি দলিল। অর্থ পরিশোধ করার জন্য এটি এক নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এবং লিখিত নির্দেশ। স্থানীয় ব্যাংক শাখায় ড্রাফট ড্রয়িং বন্দোবস্তের মাধ্যমে অনুরূপ ব্যাংকের অবস্থান ব্যতীত অন্য কোনও স্থানের জন্য ড্রাফট ইস্যু করা ছাড়াও ব্যাংক নিজস্ব শাখায়, ব্যাংকের অনুরূপ শাখার ওপরে ডিডি ইস্যু করে থাকে।

ডিডি ইস্যু করার মাশুল জেনারেল শিডিউল অব চার্জে সুনির্দিষ্টভাবে উল্লেখিত আছে।

ন্যাশনাল ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (এনইএফটি)

এটি এক কার্যকর, নিশ্চিন্ত, মিতব্যয়ী, নির্ভরযোগ্য এবং দ্রুত অর্থের হস্তান্তর পদ্ধতি সহজতর করার জন্য, সারা ভারতব্যাপী ব্যাংকিং শিল্পে ক্লিয়ারিং-এর জন্য এবং বর্তমান কাগজ সম্বলিত অর্থ স্থানান্তর এবং ক্লিয়ারিং-এর ঝামেলা এড়াবার জন্য।

ন্যাশনাল অটোমেটেড ক্লিয়ারিং হাউস (এনএসিএইচ)

ন্যাশনাল অটোমেটেড ক্লিয়ারিং হাউস (এনএসিএইচ) চালু এবং বাস্তবায়িত হয় মূলত আন্তঃব্যাঙ্ক লেনদেনের বিশাল বোঝা সহন করার মূল লক্ষ্য নিয়ে, যার মধ্যে উচ্চ হারে কম মূল্যের লেনদেন থাকতে পারে । এই ধরনের কম মূল্যের লেনদেন অধিকাংশ ক্ষেত্রেই পুনরাবৃত্ত প্রকৃতির । এনএসিএইচ এনপিসিআই পরিষেবার মাধ্যমে এই ধরনের লেনদেন দ্রুত এবং সুবিধাজনকভাবে প্রক্রিয়াকরণের সুবিধা প্রদান করে । এটির একটি সরলীকৃত নিবন্ধন প্রক্রিয়া রয়েছে, এটি একাধিক ইন্ট্রা-ডে সেশন এবং মানসম্মত ম্যান্ডেট ফর্ম এবং ম্যান্ডেট ম্যানেজমেন্ট সিস্টেম সমর্থন করে ।

এনএসিএইচ-এর অধীনে গ্রাহককে তা ব্যাঙ্ককে ইসিএস / এনএসিএইচ ক্লিয়ারিং-এর মাধ্যমে প্রাপ্ত ডেবিট সম্মান করার জন্য ম্যান্ডেট / অনুমোদন প্রদানের প্রয়োজন নেই কারণ তাদের অ্যাকাউন্ট ডেবিট করার ম্যান্ডেট ইতিমধ্যেই ঋণদাতা / পরিষেবা প্রদানকারীর পক্ষ থেকে জমা দেওয়া হয়েছে ।

রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (আরটিজিএস)

আরটিজিএস হল একপ্রকারের অর্থ স্থানান্তরের প্রক্রিয়া যাতে 'রিয়েল টাইম' এবং 'গ্রস' ভিত্তিতে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকে অর্থ স্থানান্তর করা যায়। ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে এটি হল সর্বাপেক্ষা দ্রুত সম্ভাব্য অর্থ স্থানান্তরের পদ্ধতি। রিয়েল টাইম-এ সম্পন্ন করার অর্থ হল অর্থ লেনদেনের জন্য কখনও প্রতীক্ষা করতে হয় না। লেনদেনগুলি সম্পন্ন করা হয় যেমাত্র সেগুলি সম্পাদনের জন্য তৈরি হয়। 'গ্রস সম্পাদন'-এর অর্থ হল একের সঙ্গে একের ভিত্তিতে সম্পন্ন করা অন্য কোনও লেনদেনের সঙ্গে গুচ্ছভাবে যুক্ত না করে। এটা বিবেচনা করে যে ভারতীয় রিজার্ভ ব্যাংকের বই-এ অর্থ স্থানান্তর হয়ে থাকে, অর্থপ্রদানকে চূড়ান্ত এবং বাতিল অযোগ্য বলে গণ্য করা হয়। আরটিজিএস ব্যবহার করে গ্রাহকগণ 2লক্ষ টাকা বা তার অধিক অর্থের স্থানান্তর যে কোনও অংশগ্রহণকারী শাখায় করতে পারেন।

গ্রাহকের অ্যাকাউন্টের গোপনীয়তা

গ্রাহকের স্পষ্ট অথবা সূচিত সম্মতি ব্যতীত ব্যাংক গ্রাহকের অ্যাকাউন্টের বিবরণ বা বিশদ তথ্য কোনও তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করবে না। তবে এর কিছু ব্যতিক্রমও আছে, যেমন আইনের বাধ্যবাধকতায় তথ্যের প্রকাশ, যেখানে জনগণের কাছে প্রকাশ করার এক দায়িত্ব আছে এবং যেখানে ব্যাংকের স্বার্থে প্রকাশের প্রয়োজন আছে।

মৃত ব্যক্তির আমানত অ্যাকাউন্টে বকেয়া অর্থের নিষ্পত্তি করা

- যদি আমানতকারী ব্যাংকের কাছে মনোনয়ন নথিভুক্ত করে থাকেন, মনোনীত ব্যক্তির পরিচয় প্রভৃতি বিষয়ে ব্যাংক সন্তুষ্ট হলে মৃত ব্যক্তির আমানত অ্যাকাউন্টে গচ্ছিত বাকি অর্থ মনোনীত ব্যক্তির অ্যাকাউন্টে স্থানান্তর করতে হবে বা তাঁকে প্রদান করতে হবে।
- ওপরের পদ্ধতি অনুসরণ করা হবে এমনকি জয়েন্ট অ্যাকাউন্টে যেখানে মনোনয়ন ব্যাংকের কাছে নথিভুক্ত করা আছে।
- জয়েন্ট ডিপোজিট অ্যাকাউন্টে, যেখানে জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের মধ্যে একজন মারা যান, ব্যাংককে মৃত ব্যক্তির আইনি উত্তরাধিকারী এবং জীবিত আমানতকারীকে যৌথভাবে অর্থ দিতে হবে। তবে, যদি জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকরা অ্যাকাউন্টে গচ্ছিত বাকি অর্থের জন্য এই প্রকারের নির্দেশনামা যেমন ''আইদার অর সার্ভাইভার, ফর্মারল্যাটার অর সার্ভাইভার, এনি ওয়ান অব সার্ভাইভার্স অর সার্ভাইভার, প্রভৃতি'', মৃত ব্যক্তির উত্তরাধিকারীদের আইনি কাগজপত্র পেশে বিলম্ব এড়াবার জন্য, নির্দেশনামা অনুযায়ী অর্থ দেওয়া হবে।

- মনোনয়নের অনুপস্থিতিতে এবং যখন ব্যাংকের কোনও যুক্তিগ্রাহ্য সংশয় থাকে না অথবা দাবিকারীদের মধ্যে কোনও বিতর্ক থাকে না, ব্যাংক, মৃত ব্যক্তির অ্যাকাউন্টে বাকি জমা রাশি সমস্ত আইনি উত্তরাধিকারী দ্বারা স্বাক্ষরিত যৌথ আবেদনপত্র এবং খেসারত মুচলেকা অথবা আইনি উত্তরাধিকারীদের দ্বারা তাঁদের পক্ষে আইনি কাগজপত্র ছাড়াই অর্থগ্রহণ করতে যে ব্যক্তিকে অধিকার প্রদান করা হয়েছে, ব্যাংকের বোর্ড সময়ে সময়ে অনুমোদিত সেই সীমা পর্যন্ত, অর্থ দেবে। এটি করা হয় সুনিশ্চিত করার জন্য যেন আমানতকারীরা আইনি আনুষ্ঠানিকতার কারণে বিলম্বের জন্য অসুবিধার মধ্যে না পড়েন।

মৃত ব্যক্তির অ্যাকাউন্টে ফিক্সড ডিপোজিটে প্রদেয় সুদ

আমানতের মেয়াদ সমাপ্ত হবার আগে আমানতকারীর মৃত্যুতে এবং মেয়াদ সমাপ্ত হলে আমানত দাবি করা হলে, ব্যাংক চুক্তির হারে আমানতের উপরে মেয়াদকাল পর্যন্ত সুদ দেবে। মেয়াদ সমাপ্ত হবার দিন থেকে অর্থপ্রদানের তারিখ অবধি, ব্যাংক মেয়াদ সমাপ্তির দিনে প্রযোজ্য সাধারণ হারে সুদ দেবে, সেই সময়ের জন্য যতদিন আমানত মেয়াদ সমাপ্ত হবার পরেও ব্যাংকে গচ্ছিত থাকে, এই বিষয়ে ব্যাংকের নীতি অনুযায়ী।

তবে, আমানতের মেয়াদ সমাপ্ত হবার আগেই যদি আমানতকারীর মৃত্যু হয়, ব্যাংক মেয়াদ প্রাপ্তির সময়ে প্রযোজ্য সেভিংস আমানতের হারে মেয়াদ সমাপ্ত হবার দিন থেকে অর্থ দেওয়ার তারিখ অবধি সুদ দেবে।

আমানতের জন্য বিমা সুরক্ষা

ব্যাংকের আমানত ডিপোজিট ইনস্যুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অব ইন্ডিয়া (ডিআইসিজিসি) দ্বারা প্রদত্ত বিমা পলিসির অধীনে সুরক্ষিত থাকে ডিআইসিজিসি নির্দেশিত কিছু নিয়ন্ত্রণ এবং শর্তাবলী সাপেক্ষে।

- সমস্ত বাণিজ্যিক ব্যাংক, ভারতে কার্যরত বিদেশি ব্যাংকের শাখাসহ, স্থানীয় ব্যাংক এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ডিপোজিট ইন্স্যুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অব ইন্ডিয়া (ডিআইসিজিসি) দ্বারা বীমাকৃত।
- ডিআইসিজিসি সমস্ত আমানত যেমন সেভিংস, ফিক্সড, কারেন্ট, প্রভৃতির বীমা করে।
- কোন ব্যাংকের কোনও আমানতকারীর একই অধিকারে এবং একই ক্ষমতার থাকা বিভিন্ন শাখায় গচ্ছিত আমানতকে, সর্বোচ্চ 5,00,000 টাকা (পাঁচ লক্ষ টাকা) আসল এবং সুদ উভয়সহ যোগ করা হয় সেই দিন অবধি যখন ব্যাংক দেউলিয়া হয়ে যাবে / ব্যাংকের লাইসেন্স বাতিল হয়ে যাবে অথবা সেই দিনে যখন তরলীকরণ / অন্তর্ভুক্ত / পুর্নগঠিত হবার পরিকল্পনা কার্যে পরিণত হবে।
- ডিআইসিজিসি আসল এবং সুদে সর্বোচ্চ 5 লক্ষ টাকা পর্যন্ত বীমা করে। উদাহরণস্বরূপ, যদি কোনও ব্যক্তির একটি অ্যাকাউন্ট থেকে থাকে যাতে মূলধন 4,95,000 টাকা ছাড়াও তার ওপরে জমা সুদের অর্থ 4,000 টাকা হয়, তাহলে ডিআইসিজিসি দ্বারা বীমাকৃত অর্থের পরিমাণ হবে 4,99,000 টাকা। তবে, অ্যাকাউন্টের মূলধন যদি 5 লক্ষ টাকা হয়, তাহলে জমাকৃত সুদের বিমা হবে না, এটা সুদ হবার কারণে নয়, সুদসহ অর্থের পরিমাণ বীমা সীমা 5 লক্ষ টাকার ওপরে যাচ্ছে বলে।
- আমানত বীমা স্থির করার আগে একই ব্যাংকে একই মালিকাধীন সমস্ত গচ্ছিত অর্থ একসঙ্গে যোগ করা হবে। যদি আমানত বিভিন্ন ধরনের মালিকানাধীন হয় অথবা বিভিন্ন ব্যাংকে গচ্ছিত থাকে, তাহলে সেগুলির আলাদা আলাদাভাবে বীমাকরণ হবে। আপনার যদি একের বেশি ব্যাংকে আমানত থাকে, প্রত্যেক ব্যাংকের ক্ষেত্রে আমানত বীমাসুরক্ষার সীমা আলাদা আলাদাভাবে প্রযোজ্য হবে।
- যদি কোনও ব্যক্তি কোনও ব্যাংকের এক বা তার বেশি শাখায় একের বেশি ডিপোজিট অ্যাকাউন্ট খোলেন, যেমন, মিস্টার এক্স এক বা তার বেশি সেভিংস বা কারেন্ট অ্যাকাউন্ট খুললেন এবং এক বা বেশি ফিক্সড বা রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট খুললেন। এই সব অ্যাকাউন্ট একই ক্ষমতায় এবং একই অধিকারে আছে বলে গণ্য করা হবে। তাহলে, সেসব অ্যাকাউন্টের গচ্ছিত অর্থকে যোগ করা হবে এবং বীমাসুরক্ষা সর্বোচ্চ 5 লক্ষ টাকা পর্যন্ত লভ্য হবে। যদি মিস্টার এক্স অন্যান্য ডিপোজিট অ্যাকাউন্ট কোনও সংস্থার অংশীদার হিসাবে অথবা কোনও অপ্রাপ্তবয়স্কের অভিভাবক হিসাবে বা কোনও সংস্থার পরিচালক হিসাবে বা ট্রাস্টের ট্রাস্টি হিসাবে বা জয়েন্ট অ্যাকাউন্টে খোলেন, ধরুন, তাঁর স্ত্রী, মিসেস ওয়াইর সঙ্গে ব্যাংকের কোনও একটি বা বেশি শাখায়, তাহলে ধরা হবে ওই অ্যাকাউন্ট বিভিন্ন ক্ষমতায় এবং বিভিন্ন অধিকারে গণ্য করা হবে। সেই অনুসারে, ওই আমানতগুলি আলাদাভাবে ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমাসুরক্ষা লাভ করবে।
- মালিকানাধীন সংস্থার নামে গচ্ছিত আমানত যেখানে কোনও আমানতকারী একক মালিক থাকেন এবং তাঁর একক ক্ষমতায় থাকা আমানত অর্থ যোগ করা হয়, সেখানে সর্বোচ্চ বিমাসুরক্ষা 5 লক্ষ টাকা পর্যন্ত লভ্য হবে।

এই বিষয়ে আরো বিশদ তথ্যের জন্য অনুগ্রহ করে www.dicgc.org.in দেখুন।

নিষ্ক্রিয় অ্যাকাউন্ট

যে সকল অ্যাকাউন্টে 24 মাস ধরে একটানা কোনো 'গ্রাহক-প্ররোচিত' লেনদেন (ক্রেডিট সুদ, ডেবিট সুদের মত সিস্টেম জেনারেটেড লেনদেন ব্যতীত) শুরু করা হয়নি, সেগুলিকে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট হিসাবে চিহ্নিত করা হবে । এই ধরনের অ্যাকাউন্টের অবস্থা ডরম্যান্ট থেকে কেবল সক্রিয় গ্রাহকের অনুরোধে পরিবর্তিত হবে, সাথে পরিচয়পত্র, ঠিকানার প্রমাণপত্র এবং সাম্প্রতিক ছবিও অন্তর্ভুক্ত । অ্যাকাউন্টটি নিষ্ক্রিয় থাকাকালীন সময়ে, এটিএম, নেট ব্যাঙ্কিং, মোবাইল ব্যাঙ্কিং, ফোন ব্যাঙ্কিং ইত্যাদি সুবিধাজনক ব্যাঙ্কিং চ্যানেলের মাধ্যমে লেনদেন ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত হবে না ।

সেফ ডিপোজিট লকার

ব্যাংকের নির্বাচিত শাখায় এই সুবিধা লভ্য এবং যখনই এই সুবিধা দেওয়া হোক, এই পরিষেবার সঙ্গে যুক্ত সেফ ডিপোজিট ভল্টের লভ্যতার ওপরে এবং অন্যান্য শর্ত পালনের ওপরে নির্ভর করবে। সেফ ডিপোজিট লকারগুলি একজন ব্যক্তি (নাবালক না হলেও) এককভাবে বা অন্য ব্যক্তির সাথে যৌথভাবে ভাড়া করতে পারেন, এবং এইচইউএফ, ফার্ম, লিমিটেড কোম্পানি, অ্যাসোসিয়েশন, সোসাইটি, ট্রাস্ট ইত্যাদির মত অ-ব্যক্তিগত সত্ত্বাও ভাড়া করতে পারেন। লকার এককভাবে বা যৌথভাবে ধারক ব্যক্তি(বর্গের) জন্য নমিনেশন সুবিধা উপলব্ধ। যদি লকার ভাড়া নেওয়া একমাত্র ব্যক্তি নমিনেশন ছাড়াই মারা যান, কিন্তু তার একটি প্রমাণিত উইল উপলব্ধ থাকে, তাহলে নির্বাহক / প্রশাসককে অ্যাক্সেস প্রদান করা হবে।

অভিযোগ এবং অসুবিধা

ব্যাংক দ্বারা প্রদত্ত পরিষেবার বিষয়ে যেসব গ্রাহকদের অভিযোগ বা অসুবিধা আছে, তাদের গ্রাহক অভিযোগ এবং অসুবিধা মোকাবিলার জন্য ব্যাংক দ্বারা নিয়োজিত কর্তৃপক্ষ(গণ)-এর কাছে অভিযোগ জানানোর অধিকার আছে। এই অভিযোগ এবং অসুবিধা প্রতিকারের বিশদ তথ্য এবং পদ্ধতি ব্যাংকের শাখায় / ব্যাংকের ওয়েবসাইটে দেওয়া আছে। অভিযোগ পেশ করার পদ্ধতির জন্য সমস্ত প্রয়োজনীয় তথ্য শাখা কর্তৃপক্ষ উপলব্ধ করবেন। অভিযোগ রুজু করার 30 দিনের মধ্যে যদি গ্রাহক ব্যাংক থেকে তাঁর সন্তোষ অনুযায়ী কোনও উত্তর না পান, তিনি ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা নিযুক্ত ব্যাংকিং ওমবাডসম্যানের কাছে অভিযোগ জানাতে পারেন।

চেক ড্রপবক্স এবং চেকের প্রাপ্তিস্বীকার

ড্রপবক্স সুবিধা শাখায় থাকলেও ব্যাংকের কাউন্টারে চেক জমা দিলে গ্রাহকদের প্রাপ্তিস্বীকার রসিদ দেওয়া হবে যখনই তাঁরা তা চাইবেন।

ডু-নট-কল রেজিস্ট্রি

ব্যাংক গ্রাহকদের কাছে তাদের সর্বশেষ পণ্যবস্তু এবং পরিষেবা সম্বন্ধে তথ্য দিতে পারে। আমরা এই সব তথ্য চিঠিতে, ই-মেল বা ফোনে প্রেরণ করতে পারি এবং শুধুমাত্র সেসব ব্যক্তির কাছে পাঠিয়ে থাকি যা আমরা ভাবি তাদের কাছে যেসমস্ত পণ্যবস্তু এবং পরিষেবা আগ্রহের এবং লাভজনক হতে পারে।

আমরা আপনার গোপনীয়তাকে সম্মান জানাই এবং উপলব্ধি করি আপনার মধ্যে কেউ কেউ ফোনে / ইমেলে / এসএমএসে আমাদের টেলিমার্কেটিং কার্যকলাপ সম্বন্ধে অবহিত হতে চান না। এইরকম যদি আপনার মনে হয়, আপনি আমাদের ওয়েবসাইটে উপলব্ধ ডু-নট-কল পরিষেবা নথিভুক্তির সুবিধা ব্যবহার করতে পারেন অথবা আমাদের লিখুন বা আপনার ফোন নম্বর(গুলি) কল করুন এবং নথিভুক্ত করুন যা আপনি আমাদের টেলিমার্কেটিং তালিকা থেকে বাদ দিতে চান। নাম নথিভুক্ত করার জন্য আপনার দেওয়া বিশদ তথ্য গোপনীয় থাকবে।

একবার নথিভুক্ত হবার পরেঃ

- আমরা সর্বাংশে প্রচেষ্টা করব যাতে আপনি ব্যাংক থেকে নথিভুক্ত নম্বর(গুলি)তে কোন অপ্রীতিকর মার্কেটিং কল না পান।
- অনুগ্রহ করে ওই সুনির্দিষ্ট নম্বরগুলি আমাদের টেলিমার্কেটিং তালিকা থেকে সরিয়ে ফেলার জন্য 15টি কাজের দিনের সময় দিন।

ডিপোজিটারি পার্টিসিপেন্ট সার্ভিসেস

ইনভেস্টর চার্টার দেখুন - Kotak.bank.in-এ ডিপোজিটরি পার্টিসিপেন্ট উপলব্ধ - > কাস্টমার সার্ভিস - > গুরুত্বপূর্ণ তথ্য - > ইনভেস্টর চার্টার - ডিপোজিটরি পার্টিসিপেন্ট যার কাছে ডিম্যাট সম্পর্কিত বিভিন্ন পরিষেবার বিবরণ রয়েছে।

কপিরাইট কোটাক মহিন্দ্রা গ্রুপ। সব অধিকার সুরক্ষিত।